# ২০২২-২৩ অর্থ বছরের সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির ১ম সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রতিবেদন

বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহীতে গঠিত সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সভা গত ১১/০৯/২০২২ তারিখে অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক) এর অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। কমিটির সদস্যবৃন্দ এ কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি পর্যালোচনাপূর্বক কয়েকটি বিষয়ে সুপারিশ প্রদান করেন । গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাবৃন্দকে জরুরিভিত্তিতে উক্ত সুপারিশের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। তদপ্রেক্ষিতে পরিবীক্ষণ কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি নিম্নরুপ :

**সুপারিশ ০১।** সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন : সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২৩ অনুযায়ী এ কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন ও কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন কার্যক্রম অন্তর্ভূক্ত থাকায় সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনায় অন্তর্ভূক্ত সূচকের ব্যাখ্যা ও মূল্যায়ন প্রক্রিয়া তরান্বিত করার জন্য কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২২-২৩ অনুযায়ী গত ১৯ জুলাই ২০২২ তারিখে এ কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করে ওয়েবসাইটের সংশ্লিষ্ট সেবাবক্সে আপলোড করা হয়েছে। চলতি অর্থ বছরের ১ম কোয়ার্টাররের প্রারম্ভে এ কমিটি গঠিত হওয়ায় তা বহাল রাখার সুপারিশ করা হয়।


<u>পর্যালোচনা</u> : এ কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি মাত্র ০২ মাস পূর্বে পুনর্গঠন হওয়ায় তা বহাল রাখা হয় এবং ওয়েবসাইটের সংশ্লিষ্ট সেবাবক্সে আপলোড করা হয়।

পরিবীক্ষণ কমিটি ও ত্রৈমাসিক মূল্যায়ন প্রতিবেদন


| ক্রমিক নং | বিবরণ | তারিখ | ডাউনলোড |
|---|---|---|---|
| ৮ | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী | ২৬-০৯-২০২২ | PDF |
| ৭ | **১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী** | ১৯-০৯-২০২২ | PDF |
| ৬ | পরিবীক্ষণ কমিটি | ২০-০৭-২০২২ | PDF |

<u>সুপারিশ ০২।</u> সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক সভা সেপ্টেম্বর, ২০২২ মাসের ৪র্থ সপ্তাহে আয়োজনের সুপারিশ করা হয়।

<u>পর্যালোচনা</u> : সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীণ দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক সভা গত ২১/০৯/২০২২ তারিখে অনুষ্ঠিত হয়েছে (কার্যবিবরণী ও ছবি সংযুক্ত)।


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী
সাধারণ শাখা

সভাপতি: মোঃ জিয়াউল হক, অতিরিক্ত বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ
সভার তারিখ: ২১/০৯/২০২২ খ্রি
সভার সময়: সকাল ১১.০০ টা
স্থান: জুম অ্যাপের মাধ্যমে অনলাইনে অনুষ্ঠিত
উপস্থিতি: ...








**সুপারিশ ০৩। ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ (আওতাধীন দপ্তর/সংস্থাসহ):** গত ২৮/০৬/২০২২ তারিখের প্রস্তুতকৃত এ কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতির পর পুনরায় নতুন কোন সেবা যুক্ত না হওয়ায় পূর্ববর্তী সিটিজেন চার্টারটি বহাল রাখার সিদ্ধান্ত হয় এবং জেলা প্রশাসকের কার্যালয় সমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি নির্ধারিত ফরমেটে ৮ কলামে এবং প্রতিশ্রুত সেবাসমূহকে **নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা ও অভ্যন্তরীণ সেবা** এই তিন ভাগে বিভক্ত করে প্রস্তুত ও হালনাগাদপূর্বক ওয়েবসাইটের নির্ধারিত সেবা বক্সে আপলোডের সুপারিশ করা হয়েছে।

<u>পর্যালোচনা</u> : গত ২৮/০৬/২০২২ তারিখের প্রস্তুতকৃত এ কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতির পর পুনরায় নতুন কোন সেবা যুক্ত না হওয়ায় পূর্ববর্তী সিটিজেন চার্টারটি বহাল রাখা হয়।

বিভাগীয় কমিশনার কার্যালয়ের সিটিজেন চার্টার

| ক্রমিক নং | বিবরণ | তারিখ | ডাউনলোড |
|---|---|---|---|
| ১ | বিভাগীয় কমিশনার কার্যালয়ের সিটিজেন চার্টার | ২৮.০৬.২২ | PDF |

বিভাগীয় কমিশনার কার্যালয়ের সিটিজেন চার্টার




সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সেবা প্রদান কার্যক্রম শতভাগ বাস্তবায়নে সংশ্লিষ্টদের ধন্যবাদ প্রদান করা হয় এবং ভবিষ্যতে এ ধারা অব্যাহত রাখার আশাবাদ ব্যক্ত করা হয়।

অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক)
রাজশাহী বিভাগ, রাজশাহী
ও
সভাপতি
সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি

Hasnat 20/09/2022
আবু সালেহ্ মোহাম্মদ হাসনাত
সিনিয়র সহকারী কমিশনার
বিভাগীয় কমিশনারের কার্যালয়
রাজশাহী